# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-03-25** **Time: 7-35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) প্রথা মাফিক ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবের মধ্য দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন গতকাল শেষ হয়েছে।

২) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর লন্ডন সফরের সময়কালে রাজ্যে প্রশাসনিক কাজকর্ম সুষ্ঠু রাখতে গঠিত হয়েছে একটি মন্ত্রিগোষ্ঠী ও টাস্কফোর্স।

৩) রাজ্য সরকার রক্তদাতাদের জন্য জলযোগ খাতে বরাদ্দ দ্বিগুণ বৃদ্ধি করেছে।

৪) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আজও ঝড় বৃষ্টির পূর্বাভাস।

৫) অষ্টাদশ আই পি এল ক্রিকেট কলকাতার ইডেন গার্ডেন্সে আগামীকাল শুরু হচ্ছে।

---

প্রথা মাফিক ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবের মধ্য দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন গতকাল শেষ হয়েছে। প্রস্তাবের ওপর আলোচনায় বিরোধীদের আচরণের সমালোচনা করে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, বিজেপি বিধায়করা যা করেছেন তা দুর্ভাগ্যজনক। এই আচরণকে মান্যতা দেওয়া যায় না। সেই সঙ্গে রাজ্য সরকারের মন্ত্রী ও বিধায়কদের হাজিরা নিয়েও তিনি প্রশ্ন তুলেছেন।

ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবে বিরোধীদের তরফে ছিলেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী। আমাদের প্রতিনিদির একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

গতকাল বিরোধী শূন্য বিধানসভায় ফিসকাল রেসপন্সিবিলিটি অ্যান্ড বাজেট ম্যানেজমেন্ট সংশোধনী বিল এবং দুটি অ্যাপ্রোপিয়েশন বিল পাশ হয়েছে।

---------------------

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে বক্তব্য রাখা সহ একগুচ্ছ কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল লন্ডন সফর শুরু করছেন। মুখ্য সচিব মনোজ পন্থ তাঁর সঙ্গে থাকবেন। ২৪ তারিখ সেখানকার ভারতীয় হাইকমিশনে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী যোগ দেবেন, ২৫ তারিখ বাণিজ্য সম্মেলন, ২৬ তারিখ শিল্প নিয়ে সরকারি স্তরে বৈঠক, ২৭ তারিখ অক্সফোর্ডে ভাষণ দেওয়ার পর ২৮ তারিখ লন্ডন থেকে দেশের উদ্দ্যেশে রওনা দেবেন। এই সফরের জন্য ইতোমধ্যেই ভারত সরকারের অনুমতি মিলেছে।

এদিকে, তাঁর অনুপস্থিতিতে রাজ্যের প্রশাসনিক কাজকর্ম দেখভালের জন্য মুখ্যমন্ত্রী একটি মন্ত্রী গোষ্ঠী এবং আধিকারিকদের টাস্কফোর্স গঠন করে দিয়েছেন। গতকাল নবান্নে সাংবাদিক বৈঠকে তিনি একথা জানান।

বাইট মমতা

বিরোধীরা মুখ্যমন্ত্রীর এই সফরকে কটাক্ষ করেছে। বিজেপি সাংসদ জগন্নাথ চট্টোপাধ্যায় বলেছেন, বিদেশ সফরে গিয়ে এমন কিছু যেন না করা হয়, যাতে মাতৃভূমির সম্মান লজ্ঘিত হয়।

বাইট জগন্নাথ

বিদেশ সফরের আগে দুর্নীতিগ্রস্তদের নিয়ে টাস্কফোর্স গঠন করা হয়েছে বলে অভিযোগ করেছেন সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

বাইট সেলিম

--------------------

ধর্মীয় উন্মাদনাকে বাদ রেখে রাজ্যের সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়ে সিপিআইএম আগামী এপ্রিলের প্রথম সপ্তাহ জুড়ে সম্প্রীতি শিবির করবে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, শুধু সিপিআইএম নয়, ধর্ম নিরপেক্ষ এবং গনতন্ত্র প্রিয় সব ধরনের মানুষকে এক জোট করে এই কর্মসুচিতে সামিল করা হবে। অশান্তি প্রবণ এলাকাতে আসন্ন রামনবমী এবং ঈদে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার উদ্দেশে এই বিশেষ কর্মসূচীর আয়োজন করা হয়েছে। মানুষ যাতে উৎসবের আনন্দ ভাগ করে নিতে পারেন, সেটাই হবে এই উদ্যোগের মূল লক্ষ্য।

--------------------

রাজ্য সরকার রক্তদাতাদের জন্যে জলযোগ খাতে বরাদ্দ দ্বিগুন বৃদ্ধি করেছে। প্রতি রক্তদাতা পিছু এই বরাদ্দ ৫০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা করা হয়েছে বলে জানিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তর থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। আগামী পয়লা এপ্রিল থেকে এই বর্দ্ধিত হার কার্যকর হবে।

উল্লেখ্য ২০২৩ এর এপ্রিল মাস থেকে জলযোগ খাতে রক্তদাতাদের জন্যে বরাদ্দ ছিল ৫০ টাকা। প্রতি বছর রাজ্যে ১৫ লক্ষ ইউনিট রক্তের চাহিদা থাকলেও সরকারি, বেসরকারি শিবির থেকে প্রায় ১৩ লক্ষ ইউনিট রক্ত সংগৃহীত হয় বলে জানা

গিয়েছে। এরমধ্যে রাজ্যের ৮৭টি সরকারি ব্লাড ব্যাঙ্ক প্রতিবছর প্রায় ১৬ হাজার রক্তদান শিবিরের আয়োজন করে। সেখান থেকে সংগৃহীত হয় ৯ লক্ষ ইউনিট রক্ত।

--------------------

রাজ্য সরকার সব ব্লক স্বাস্থ্য আধিকারিকদের এককালীন নগদ অর্থ সাহায্য দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। অর্থ দপ্তরের তরফে এ ব্যাপারে অনুমতি মেলার পরে স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তর থেকে এই মর্মে এক নির্দেশিকা জারি করা হয়েছে। তাদের কার্যকালে এক বছর অতিক্রান্ত হলে মাসের পনেরো দিনের মূল বেতন ও মহার্ঘ ভাতার সমান হারে এই টাকা দেওয়া হবে বলে নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে।

--------------------

শিলিগুড়ি পুরনিগম, শপিং মল সহ বড় বড় দোকান, প্রতিষ্ঠানগুলির সাইনবোর্ডে অন্য ভাষা থাকলেও বাংলায় লেখা বাধ্যতামূলক করেছে। কিছুদিন আগে এব্যাপারে মেয়র গৌতম দেবও জানিয়েছিলেন সাইনবোর্ডে বাংলা রাখতে হবে।এরপরই এব্যাপারে পুরনিগমের তরফে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। আগামী ১৪ই এপ্রিল পর্যন্ত সময়সীমা দেওয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, শপিং মল, রেস্টুরেন্ট, হাসপাতাল,অফিস থেকে শুরু করে অন্যান্য সংস্থাগুলিকে এই নির্দেশিকা মানতে হবে।

--------------------

চার বছরে রাজ্যের দশ জেলায় বনভূমির পরিমান কমেছে বলে কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক এক রিপোর্টে উল্লেখ করা হয়েছে। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রকের অধীনে থাকা উত্তরাখন্ডের দেরাদূনে ভারতের বন জরিপ বিভাগ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, পশ্চিমবঙ্গে ২৩টি জেলার মধ্যে দুই চব্বিশ পরগনা, দুই দিনাজপুর, দার্জিলিং সহ ১০টি জেলায় বনভূমির পরিমান কমেছে। তবে ১৩টি জেলায় তা বৃদ্ধি

পেলেও সামগ্রিকভাবে রাজ্যে বনভূমির পরিমাণ হ্রাস পেয়েছে বলে ঐ রিপোর্টে জানানো হয়েছে।

২০১৯ সালে যেখানে রাজ্যে বনভূমির আয়তন ছিল ১৬ হাজার ৯০২ বর্গ কিলোমিটার ২০২৩ সালে তা কমে হয়েছে ১৬ হাজার ৮৩২ দশমিক ৩৩ বর্গকিলোমিটার।

---------------------

চা বাগানের জমি পর্যটনের কাজে ব্যবহারের সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে এবং বকেয়া মজুরি ও বোনাসের দাবিতে শিলিগুড়িতে গতকাল চা শ্রমিকদের প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়। তরাই ও ডুয়ার্সের বিভিন্ন চা শ্রমিক সংগঠনগুলোর সদস্যরা শিলিগুড়ির জলপাই মোড়ে জড়ো হয়ে উত্তরকন্যা অভিযান শুরু করে। তাদের দাবি, চা বাগানের ৩০ শতাংশ জমি পর্যটনের জন্য ব্যবহার করা হলে শ্রমিকদের বাসস্থান ও জীবিকার উপর বিরূপ প্রভাব পড়বে। এই সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহারের দাবিও জানানো হয়।

---------------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি ও অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আজও ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উপকূলবর্তী এলাকাগুলিতে ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে পুরুলিয়ায় গতসন্ধ্যায় বজ্রাঘাতে এক বৃদ্ধর মৃত্যু হয়েছে। অষ্টম নারায়ণ দেবনাথ নামে ঐ ব্যক্তি মানবাজার থানার কেন্দবেদায় সাইকেল নিয়ে বাড়ি ফিরছিলেন। সেই সময় বজ্রাহত হন তিনি। সংজ্ঞাহীন অবস্থায় তাকে মানবাজার হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

আবহাওয়া দপ্তরের পূর্বাভাসের প্রেক্ষিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন ট্রেন চলাচল স্বাভাবিক রাখতে সবরকম ব্যবস্থা গ্রহণ করেছে। ওভারহেড তার, ইনসুলেটর এবং ফিটিংসের সুরক্ষার জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি সিগন্যাল সিস্টেমের যথাযথ পরীক্ষা, ট্র্যাক রক্ষণাবেক্ষণ এবং ওভারহেড ইকুইপমেন্ট এর উপর যাতে কোনো ভাবে গাছের শাখা প্রশাখা ঝুলে না থাকে তার নজরদারি চালাতে বলা হয়েছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বভাবিকের তুলনায় যা সামান্যই বেশি।

---------------------

অষ্টাদশ ইন্ডিয়ান প্রিমিয়ার লীগ ক্রিকেট আগামীকাল শুরু হচ্ছে। কলকাতার ইডেন গার্ডেন্সে প্রথম ম্যাচেই গতবারের চ্যাম্পিয়ান কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখই হবে। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

--------------------- ---------------------